

## সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৩৩৯

৫০/ কুরআন তাফসীর (ﷺ) পরিচ্ছেদঃ সূরা বুরুজ

بَابِ وَمِنْ سُورَةِ البُرُوج

## আরবী

حَدَّتَنَا عَبْدُ بْنُ حُمَيْدٍ، حَدَّتَنَا رَوْحُ بْنُ عُبَادَةَ، وَعُبَيْدُ اللَّهِ بْنُ مُوسَى، عَنْ مُوسَى بْنِ عُبَيْدَةَ، عَنْ أَيُّوبَ بْنِ خَالِدٍ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ رَافِعٍ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ عَبْدُ اللَّهِ عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ عَبَيْدَةَ، عَنْ أَيُومُ الْمَوْعُودُ يَوْمُ الْقِيَامَةِ وَالْيَوْمُ الْمَشْهُودُ يَوْمُ عَرَفَةَ وَالشَّاهِدُ عَلَى الله عليه وسلم " الْيَوْمُ الْمَوْعُودُ يَوْمُ الْقِيَامَةِ وَالْيَوْمُ الْمَشْهُودُ يَوْمُ عَرَفَةَ وَالشَّاهِدُ يَوْمُ الْجُمُعَةِ وَمَا طَلَعَتِ الشَّمْسُ وَلاَ غَرَبَتْ عَلَى يَوْمٍ أَفْضَلَ مِنْهُ فِيهِ سَاعَةٌ لاَ يُوافِقُهَا عَبْدٌ مُؤْمِنٌ يَدْعُو اللَّهَ بِخَيْرٍ إِلاَّ اسْتَجَابَ اللَّهُ لَهُ وَلاَ يَسْتَعِيذُ مِنْ شَرِّ إِلاَّ أَعَاذَهُ اللَّهُ مِنْهُ ". عَبْدٌ مُؤْمِنٌ يَدْعُو اللَّهَ بِخَيْرٍ إِلاَّ اسْتَجَابَ اللَّهُ لَهُ وَلاَ يَسْتَعِيذُ مِنْ شَرِّ إِلاَّ أَعَاذَهُ اللَّهُ مِنْهُ ". قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ لاَ نَعْرِفُهُ إِلاَّ مِنْ حَدِيثٍ مُوسَى بْنِ عُبَيْدَةَ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ لاَ نَعْرِفُهُ يَرْهُ مَنْ حَدِيثٍ مُوسَى بْنُ عُبَيْدَة يُضَعَقُ فِي الْحَدِيثِ ضَعَقْفُهُ يَحْيَى بْنُ سَعِيدٍ وَغَيْرُهُ

## বাংলা

৩৩৩৯. আবদ ইবন হুমায়দ (রহঃ) ..... আবু হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ (الْيَوْمُ الْمَشْهُودُ) প্রতিশ্রুত দিন হল কেয়ামতের দিন। (الْيَوْمُ الْمَشْهُودُ) হল আরাফা দিবস এবং (الشَّاهِد) হল জুম'আর দিন।

তিনি আরো বলেনঃ এই (জুম'আর) দিনের চেয়ে উত্তম কোন দিন নাই যার উপর সূর্যোদয় ও সূর্যাস্ত হয়। এ দিনের মাঝে এমন একটি মুহূর্ত রয়েছে যদি কোন মুমি'ন বান্দা সে মুহূর্তে আল্লাহর কাছে কোন কল্যাণ কামনা করে তবে আল্লাহ তা'আলা তা কবুল করেন। কোন বিষয় যদি সে আল্লাহর কাছে পানাহ চায় তবে তিনি তা থেকে তাক পানাহ দেন।

হাসান, মিশকাত, তাহকিক ছানী ১৩৬২, সহীহ হাদিস সিরিজ ১৫০২, তিরমিজী হাদিস নম্বরঃ ৩৩৩৯ [আল মাদানী প্রকাশনী]

মূসা ইবন উবায়দা রাদিয়াল্লাহু আনহু এর সূত্র ছাড়া এ হাদীসটি সম্পর্কে আমাদের কিছু জানা নেই। মূসা ইবন উবায়দা (রহঃ) হাদীস বর্ণনার ক্ষেত্রে যঈফ। ইয়াহইয়া ইবন সাঈদ প্রমুখ (রহঃ) তার স্মরণশক্তির ক্ষেত্রে তাঁকে



যঈফ বলেছেন। শু'বা, সুফওয়ান ছাওরী ও আরো অনেক হাদীসের ইমাম মূসা ইবন উবায়দা (রহঃ) এর সূত্রে হাদীস বর্ণনা করেছেন।

আলী ইবন হুজর (রহঃ) ... মূসা ইবন উবায়দা (রহঃ) সূত্রে অনুরূপ বর্ণিত আছে। মুসা ইবন উবায়দা আর রাযী (রহঃ) এর উপনাম হল আবদুল আযীয়। ইয়াহইয়া ইবন সাঈদ কান্তান প্রমুখ তার স্মরণশক্তির ব্যাপারে তাঁর সমালোচনা করেছেন।

## **English**

Abu Hurairah narrated that:

the Messenger of Allah said: "Al-Yawmul-Maw'ud (the Promised Day) is the Day of Resurrection, and Al-Yawmul-Mashhud (the Attended Day) is the Day of Arafah, and Ash-Shahid (the witness) is Friday." He said: "The sun does not rise nor set, upon a day that is more virtuous than it. In it, there is an hour in which no believing worshipper makes a supplication to Allah for good, except that Allah answers it for him, and he does not seek Allah's aid for something, except that He aids him in it."

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন